20/5/2000

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ......

যুগান্তর

# বরিশাল শিক্ষা বোর্ড ও কলেজ শিক্ষক সমিতির মধ্যে ঠাণ্ডা লড়াই

শাহীনা আজমীন, *বরিশাল ব্যুরো*

বরিশাল শিক্ষাবোর্ড এবং এখানকার কলেজ শিক্ষক সমিতির মধ্যে ঠাণ্ডা লড়াই শুরু হয়েছে। এইচএসসি পরীক্ষায় কেন্দ্র স্থাপন, ভিজিলেন্স টিমে শিক্ষক নিয়োগ, পরিদর্শকদের নিরাপত্তা এবং পরীক্ষক ও প্রধান পরীক্ষক নিয়োগ নিয়ে এ মতবিরোধ দেখা দিয়েছে। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির (বাকশিস) বরিশাল আঞ্চলিক পরিষদ শুক্রবার এক জরুরি সভায় শিক্ষাবোর্ডের একক সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেছে। বাকশিস সূত্রে জানা গেছে, পরীক্ষা শেষে তারা বোর্ড ঘেরাও করার কর্মসূচি নিতে পারে। বাকশিস আঞ্চলিক পরিষদের সাধারণ সম্পাদক মহসীন-উল-ইসলাম হাবুল জানান, নিয়মানুযায়ী আন্তঃকলেজ আসন ব্যবস্থায় এক কলেজের আসন অন্য কলেজে দেয়ার কথা। কিন্তু শিক্ষা মন্ত্রণালয়ের এ সিদ্ধান্ত বোর্ড অনেক ক্ষেত্রে মানেনি। বানারীপাড়া

**ঠাণ্ডা লড়াই :** পৃষ্ঠা : ১৫ কলাম : ৭

## ঠাণ্ডা লড়াই : বরিশাল

(৩য় পৃষ্ঠার পর)

এবং চাখার কলেজের আসন পরিবর্তন না করে পার্শ্ববর্তী হাইস্কুলে স্থাপন এবং উজিরপুরের শিকারপুর ও বিএন খান কলেজেও একইভাবে আসন বণ্টন করা হয়। অথচ বাবুগঞ্জের পাশেই হাইস্কুল থাকা সত্ত্বেও দূরবর্তী রাকুদিয়া কলেজের সঙ্গে কেন্দ্র পরিবর্তন করা হয়েছে। ভোলায় ফাতেমা খানম কলেজের আসন অন্যান্য কলেজের মতো সদর কেন্দ্রে স্থাপন না করে সংলগ্ন হাইস্কুলে স্থাপন করা হয়। সেখানে ব্যাপক হামলা হয়। সরকারি কলেজের শিক্ষকদের গণধোলাই দেয়া হয়। তিনি জানান, অন্যান্য কলেজ কেন্দ্রের পরিদর্শকরা একই কারণে নিরাপত্তার অভাব বোধ করছেন। এছাড়া বেসরকারি শিক্ষকদের ভিজিলেন্স টিমে অভিজ্ঞ শিক্ষকের বদলে তদবিরের জোরে মাত্র ৬ মাস চাকরির বয়সের শিক্ষকদের নিয়োগ দেয়া হয়। পরীক্ষক এবং প্রধান পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে শিক্ষকদের অভিজ্ঞতাকে মূল্য দেয়া হচ্ছে না। শুধু সার্টিফিকেটের মেধা দেখে পরীক্ষক নিয়োগে বোর্ডের সিদ্ধান্তের তারা কঠোর সমালোচনা করেন। বাকশিসের এ অভিযোগের ব্যাপারে বোর্ডের ডেপুটি কন্ট্রোলার (এইচএসসি) পিয়ারউদ্দিন আহমেদ বলেন, কেন্দ্র পরিবর্তনের ক্ষমতা জেলা প্রশাসকের। ভিজিলেন্স টিম সম্পর্কে তিনি জানান, কলেজ অধ্যক্ষদের দেয়া তালিকা থেকেই পরিদর্শক নিয়োগ করা হয়েছে। এছাড়া পরীক্ষক ও প্রধান পরীক্ষক গ্রেডিং পদ্ধতির ওপর ভিত্তি করে নেয়া হবে বলে তিনি জানান। এ পদ্ধতিতে শিক্ষকদের পদবি, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতাকে কম্পিউটারে বাছাই করা হবে। বোর্ডের চেয়ারম্যান ঢাকায় অবস্থান করছেন। ডেপুটি কন্ট্রোলারের পদ